ভগবান্ শ্রীহরি মহারাজ অম্বরীষের একান্ত ভক্তিভাবে প্রীত হইয়া শত্রুগণের ভয়াবহ ভক্তরক্ষণে সমর্থ শ্রীসুদর্শন চক্র তাঁহার রক্ষার্থে দান করিয়াছিলেন। এইপ্রকার উক্তিতে শ্রীমান্ অম্বরীষ মহারাজের ঐকান্তিকত্ব স্পষ্টভাবেই উল্লেখ করা হইয়াছে। তন্মধ্যে অর্থাৎ ঐহিক ও পারলৌকিক সকামত্বের মধ্যে ঐহিক নিষ্কামত্ব ভক্তি দ্বারা নিজজীবিকা এবং প্রতিষ্ঠাদি উপার্জ্জন-লালসাশূন্যরূপ অর্থও বুঝিতে হইবে। অর্থাৎ ভজন দেখাইয়া জীবিকানির্ব্বাহের কিম্বা মানবসমাজে নিজের প্রতিষ্ঠা স্থাপনের চেষ্টা করাও ঐহিক কামনার মধ্যে পরিগণিত, সেই জাতীয় বাসনাশূন্য হৃদয় হইলেই নিষ্কামভক্ত সংজ্ঞা দেওয়া যাইতে পারে। অতএব, বিশুদ্ধভক্তিলক্ষণে গরুড়-পুরাণে "বিষ্ণুং যো নোপজীবতি" অর্থাৎ যে জন শ্রীবিষ্ণুকে জীবিকা নির্ব্বাহের উপায়রূপে ব্যবহার করে না, সেইজন বিশুদ্ধভক্ত সংজ্ঞায় অভিহিত। শ্রীপ্রহ্লাদ মহাশয় ৭।৯।৪৬ শ্লোকে নিজ প্রাণনাথ শ্রীনৃসিংহদেবকে স্তব করতঃ বলিয়াছিলেন—

মৌনব্রতশ্রুততপোঽধ্যয়নস্বধর্ম্মব্যাখ্যারহোজপসমাধয় আপবর্গ্যাঃ।
প্রায়ঃ পরং পুরুষ তে ত্বজিতেন্দ্রিয়াণাং বার্ত্তা ভবন্ত্যত ন বাত্রতু দাম্ভিকানাম্॥

হে নাথ! মৌন প্রভৃতি দশটি ধর্ম্ম যদ্যপি মোক্ষপ্রাপ্তির হেতুরূপে প্রসিদ্ধ, তথাপি অজিতেন্দ্রিয় অর্থাৎ ইন্দ্রিয়ভোগের জন্য যাহারা ঐ দশটি ধর্ম্ম বিক্রয় করে, তাহাদের প্রায়শঃ ঐ দশটি ধর্ম্ম জীবিকা নির্ব্বাহের জন্য হইয়া থাকে। অভিমানীগণের মোক্ষ হেতু ঐ দশটি ধর্ম্ম জীবিকানির্ব্বাহের কারণও হয় না, যেহেতু দম্ভের অর্থাৎ গর্ব্বের ফল অনির্দ্দিষ্ট। অতএব, ৬।১৮।৭৩ শ্লোকে দেবরাজ ইন্দ্র দিতিকে বলিয়াছিলেন—হে মাতঃ! যাঁহারা নিষ্কামভাবে ভগবানের আরাধনা করেন, এমন কি নিজ আরাধ্য প্রভুর নিকটে মোক্ষ পর্য্যন্তও চাহেন না, তাঁহারাই যথার্থতঃ স্বার্থসাধনে সুচতুর। অতএব "নালং দ্বিজত্বং" শ্লোকে একমাত্র অহৈতুকী ভক্তিতেই ভগবান্ শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইয়া থাকেন—এ উক্তিটি অতি সুন্দরই হইতেছে। ১৬৮॥

অতোঽস্যা এব ভক্তেঃ সর্ব্বশাস্ত্রসারত্বমাহ—শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥ ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥ ১৬৯॥

শ্রবণকীর্ত্তনে—তন্নামাদীনাম্ স্মরণঞ্চ। পাদসেবনং পরিচর্য্যা। অর্চ্চনং বিধ্যুক্ত-পূজা। বন্দনং নমস্কারঃ। দাস্যং তদ্দাসোঽস্মীতি অভিমানম্। সখ্যং বন্ধুভাবেন তদীয় হিতাশংসনম্। আত্মনিবেদনং গবাশ্বাদিস্থানীয়স্য স্বদেহাদিসংঘাতস্য তদেকভজনার্থং বিক্রয়স্থানীয়তস্মিন্নর্পণম্। যত্র তদ্ভরণপালনচিন্তাপি স্বয়ং ন ক্রিয়তে। উদাহৃতানি চৈতানি প্রাচীনৈঃ—শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে,